ছাড়্ গো তোরা ছাড়্ গো,
আমি    চলব সাগর-পার গো ॥
বিদায়-বেলায় একি হাসি,    ধরলি আগমনীর বাঁশি—
যাবার সুরে আসার সুরে করলি একাকার গো।
সবাই আপন-পানে    আমায়    আবার কেন টানে।
পুরানো শীত পাতা-ঝরা,    তারে এমন নূতন-করা ?
মাঘ মরিল ফাগুন হয়ে খেয়ে ফুলের মার গো ॥
রঙের খেলার ভাই রে,    আমার  সময় হাতে নাই রে।
তোমাদের ওই সবুজ ফাগে    চক্ষে আমার ধাঁদা লাগে—
আমায় তোদের প্রাণের দাগে    দাগিস নে, ভাই, আর গো ॥

---

Parjaay: Prakriti / Sheet, Taal: Jhaptaal , Raag: Paraj

Visit www.geetabitan.com for notation and other detail